



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
প্রস্তুতকৃত অধিদপ্তর
এফ-৪/এ, আগারগাঁও প্র/এ
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭



www.archaeology.gov.bd
director_general@archaeology.gov.bd

প্রস্তুতকৃত অধিদপ্তরের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি পর্যালোচনা সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি: মাইনুর রহিম, উপসচিব ও উপপরিচালক (প্রশাসন)

তারিখ: ১৯ মার্চ, ২০২৩।

সময়: দুপুর ১২:০০ ঘটিকায়।

স্থান: অধিদপ্তরের সভাকক্ষ।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি এপিএ'র আবাসিক কৌশলগত উদ্দেশ্যের শৃঙ্খলাচর কর্মপরিকল্পনা, ই-গভর্ন্যান্স, অভিযোগ প্রতিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি এবং তথ্য অধিকার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সাথেও আলোচনা করেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ তাদের অগ্রগতি তুলে ধরেন এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম সম্পন্ন হচ্ছে মর্মে সভাপতিকে আশ্বস্ত করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনা এবং পর্যালোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচ্য বিষয়	আলোচনা/ অগ্রগতি	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
অভ্যন্তরীণ প্রশিক্ষণ (সেশন) সম্পন্ন	২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অভ্যন্তরীণ প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা যথাসময়ে সম্পন্ন করতে হবে। সে ক্ষেত্রে ২য় ত্রৈমাসিকে কমপক্ষে ২/৩টি প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য সকলে একমত পোষণ করেন।	২য় ত্রৈমাসিকে কমপক্ষে ২/৩টি প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
সেমিনার/ওয়ার্কশপ	সভাপতি সভাকে অবগত করেন যে, সেমিনার/ওয়ার্কশপ আয়োজনের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য উপপরিচালক (প্রকাশনা) প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। কোনভাবেই যেন নির্ধারিত সময় অতিক্রান্ত না হওয়ার ব্যাপারে সবাইকে সতর্ক থাকতে পরামর্শ দেন।	সেমিনার/ ওয়ার্কশপ যথাসময়ে সম্পন্ন করতে হবে।	উপপরিচালক (প্রকাশনা)
খনন, সংস্কার কাজ পরিদর্শন	২০২২-২৩ অর্থবছরের চলমান খনন ও সংস্কার কাজ সুস্পন্ন করার লক্ষ্যে নিয়মিত পরিদর্শনসহ দিকনির্দেশনা প্রদান করার প্রতি সকলে গুরুত্ব আরোপ করেন।	খনন ও সংস্কার কাজ পরিদর্শন করতে হবে এবং সংশ্লিষ্ট কার্যালয় হতে পরিদর্শন প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।	প্রধান কার্যালয়ের কর্মকর্তাগণ এবং সংশ্লিষ্ট কার্যালয়
২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি	প্রস্তুতকৃত অধিদপ্তরের ২০২২-২৩ অর্থবছরের জন্য প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচক অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যেই সম্পন্ন করার লক্ষ্যে সচেষ্ট থাকার জন্য সকলের প্রতি আহবান জানানো হয়।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচক অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যেই সম্পন্ন করতে হবে।	এপিএ টিম

০৩। সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার জন্য গুরুত্বারোপ করেন এবং গঠনমূলক আলোচনার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে আর কোনো আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/৩/২০২৩

(মাইনুর রহিম)

উপপরিচালক (প্রশাসন)

ও

সভাপতি

ফোন : ০২ - ৪১০ ২৪৬ ৫৩